Post Office ডাকঘর
Post Office, General মহা-ডাকঘর, বড়ো ডাকঘর
Postpone স্থগিত রাখা, মলতুবি রাখা
Postponed স্থগিত, মুলতুবি
Postponement মুলতুবি
Postscript পুনশ্চ
Postwar যুদ্ধোত্তর

Pottery মৃৎশিল্প, মৃৎপাত্র
Poultry হাঁস-মুরগি পালন
Poultry-farm হাঁস-মুরগি খামার
Pound খোঁয়াড়
Power, candle দীপশক্তি
Power development শক্তি উন্নয়ন, বিদ্যুৎ-উন্নয়ন
Power generator শক্তি উৎপাদক, বিদ্যুৎ-উৎপাদক
Power installation শক্তিযন্ত্র স্থাপন, বিদ্যুৎ-যন্ত্র স্থাপন
Powerhouse বিদ্যুৎ কেন্দ্র
Powerloom যন্ত্রচালিত তাঁত
Power of Attorney মোক্তারনামা
Power Station বিদ্যুৎকেন্দ্র
Practical ব্যবহারিক, প্রায়োগিক, ফলিত
Practical examination প্রায়োগিক পরীক্ষা
Practical method ব্যবহারিক প্রণালি
Practical Physics ফলিত পদার্থবিদ্যা
Practice, legal আইনব্যবসায়, আইনব্যাবসা
Practice of medicine চিকিৎসাকর্ম, ডাক্তারি
Practitioner, General অবিশেষ চিকিৎসক
Pragmatic বাস্তবসম্মত
Pragmatism প্রয়োগবাদ, বাস্তববাদ
Prayer প্রার্থনা
Prawn বাগদা চিংড়ি
Preamble প্রস্তাবনা
Pre-audit পূর্ব-নিরীক্ষা
Pre-audited পূর্ব-নিরীক্ষিত
Precautioary measure সর্তকতামূলক ব্যবস্থা
Precedence অগ্রগণ্যতা, অগ্রমান্যতা, পুরোমান্যতা
Precedence, Order of মানক্রম, পূর্ববর্তিতা
Precedent পূর্বদৃষ্টান্ত, নজির
Precis মর্ম, সারাংশ
Precise সুনির্দিষ্ট, যথাযথ, স্পষ্ট
Precondition পূর্বশর্ত
Precursor অগ্রদূত, অগ্রগামী, পূর্ববর্তী
Predecessor পূর্ববর্তী, পূর্বগামী, পূর্বসূরি
Predecessor in Office প্রাক্তন পদাধিকারী
Pre-emption ক্রয়ের অগ্রাধিকার
Pre-emptive আগ বাড়ানো
Preface ভূমিকা, মুখবন্ধ
Prefect সর্দার, পরিচালক, প্রিফেক্ট
Preference অগ্রাধিকার, পক্ষপাত
Preferential heir অগ্রক্রমিক উত্তরাধিকারী, অগ্রক্রমিক ওয়ারিশ/ওয়ারিশান
Preferential payment অগ্রে দেয়, অগ্রপরিশোধ, অগ্রপ্রদান
Preferential price সুবিধাজনক দাম
Preferential shae অগ্রাংশ শেয়ার, অগ্রাধিকার শেয়ার
Preferential tariff সুবিধাজনক শুল্ক
Preferred an appeal আপিল পেশ করলেন
Prefix আগে যোগ করা, আগে জোড়া
Prefixed অগ্রে-যুক্ত, আগে জুড়ে দেওয়া
Prefixing the holiday পূর্ববর্তী ছুটির দিন যোগ করে বা জুড়ে দিয়ে
Prehistoric প্রাগৈতিহাসিক
Prejudgement প্রাগ্‌বিচার
Prejudice হানি, অনিষ্ট, প্রতিকূলতা; পক্ষপাত; অমূলক সংস্কার
Prejudiced পক্ষপাতদুষ্ট, অমূলকসংস্কারদুষ্ট
Prejudice, without হানিবিহীন, প্রতিকূলতাবিহীন
Prejudicial activities হানিকর/অনিষ্টকর কাজ, পক্ষপাতদুষ্ট কাজ
Preliminary প্রারম্ভিক
Preliminary expenses প্রারম্ভিক ব্যয়
Preliminary notice প্রাথমিক বিজ্ঞপ্তি, প্রাথমিক নোটিশ
Preliminary observation প্রারম্ভিক পর্যবেক্ষণ
Premature কালপূর্ব, অকাল, অপরিণত

Premature retirement কালপূর্ব-অবসর
Premature withdrawal কালপূর্ব প্রত্যাহার
Premier প্রধানমন্ত্রী
Premiere প্রথম প্রদর্শন
Premise প্রদত্ত সূত্র, সূত্র
Premises গৃহ, ঘরবাড়ি, বাসস্থান
Premium প্রিমিয়াম (প্রদত্ত বা প্রতিশ্রুত), বাড়তি লাভ
Prepage পূর্বপৃষ্ঠা
Prepaid আগাম প্রদত্ত
Preparatory প্রস্তুতিমূলক, পূর্ববর্তী
Prerogative (পদলব্ধ) বিশেষাধিকার
Prescribe ব্যবস্থা দেওয়া, বিধান দেওয়া
Prescribed (qualification for membership, etc.) নির্দিষ্ট যোগ্যতা
Prescribed authority নির্দিষ্ট কর্তৃপক্ষ
Prescribed form নির্দিষ্ট ফর্ম, নির্দিষ্ট নিদর্শ
Prescription ব্যবস্থাপত্র
Preserve সংরক্ষণ
Presidency Jail প্রেসিডেন্সি জেল/কারা
Presidency Magistrate প্রেসিডেন্সি বিচারক
President রাষ্ট্রপতি; সভাপতি
Presidential form of Government রাষ্ট্রপতি শাসিত সরকার
President's Estate রাষ্ট্রপতির মহাল
President's Secretariat রাষ্ট্রপতির সচিবালয়
Presiding Officer ভোটকেন্দ্রের মুখ্য আধিকারিক, সভার পরিচালক, প্রিসাইডিং অফিসার
Press সংবাদপত্র; মুদ্রাযন্ত্র, ছাপাখানা; চাপ
Press Adviser সংবাদ-উপদেষ্টা
Press and Forms Department মুদ্রণ ও নিদর্শ বিভাগ
Press and Forms Manager মুদ্রণ ও নিদর্শ অধ্যক্ষ / ব্যবস্থাপক
Press and Registration of Books Act মুদ্রণ ও গ্রন্থনিবন্ধন আইন
Press Box সাংবাদিকদের বসার স্থান, সংবাদ সংগ্রহস্থান
Press Bureau সাংবাদিক ব্যুরো
Press, Censorship সংবাদ নিয়ন্ত্রণ, প্রেস সেন্সর, সংবাদ বিবাচন
Press Club প্রেস ক্লাব, সাংবাদিক ক্লাব
Press Conference সাংবাদিক সম্মেলন
Press copy মুদ্রণ-প্রতিলিপি, প্রেস কপি
Press Information Bureau সংবাদতথ্য ব্যুরো/কেন্দ্র
Press note প্রেস বিজ্ঞপ্তি, জ্ঞাপনপত্র, প্রেসনোট
Press register মুদ্রণ-নিবন্ধ
Press Registrar মুদ্রণ-নিবন্ধক, মুদ্রণরেজিস্ট্রার
Press release সংবাদ-লিপি, সংবাদ সরবরাহ
Press Secretary সংবাদ সচিব
Presumptive pay সম্ভাব্য বেতন
Pretext ওজর, ছুতো, অছিলা
Prevention নিবারণ
Preventive check নিবারণ-ব্যবস্থা
Preventive detention নির্বতনমূলক আটক
Preventive measure নিবারণোপায়, নিবারণ-ব্যবস্থা
Preventive punishment নিবারক শাস্তি
Previous papers আগের কাগজপত্র
Previous publication পূর্ববর্তী প্রকাশন
Price দাম, মূল্য
Price ceiling সর্বোচ্চ মূল্য, দামের ঊর্ধ্বসীমা
Price control মূল্য-নিয়ন্ত্রণ
Price, current চলতি দাম
Price-fixing মূল্য-নির্ধারণ
Price-fixing power মূল্য-নির্ধারণ ক্ষমতা
Price index মূল্য সূচক
Price level মূল্যস্তর
Price list মূল্য তালিকা/সূচি

Price, net নিট দাম
Price quotation দরপত্র
Price, reserve সংরক্ষিত মূল্য, ন্যূনতম মূল্য
Price, selling বিক্রয়-মূল্য
Prima facie প্রাথমিক, প্রাথমিকভাবে, আপাত
Prima facie case আপাতগ্রাহ্য মামলা
Prima facie evidence প্রাথমিক সাক্ষ্যপ্রমাণ
Primary School প্রাথমিক বিদ্যালয়
Primary cause মূল কারণ, মুখ্য কারণ
Prime coat পয়লা পোঁচ
Prime cost মূল ব্যয়
Prime Minister প্রধানমন্ত্রী
Principal অধ্যক্ষ; প্রধান; মুখ্য, (বাণিজ্যে) মূলধন, আসল
Principal Officer মুখ্য আধিকারিক
Print area ছাপার জায়গা
Printed matter মুদ্রিত বিষয়
Printer মুদ্রক
Printer's line মুদ্রাকর-লেখ/পঙ্ক্তি
Printing house মুদ্রণালয়, ছাপাখানা
Printing mistake মুদ্রণপ্রমাদ, ছাপার ভুল
Printing press মুদ্রণ-যন্ত্র, ছাপাখানা
Priority অগ্রাধিকার, পূর্বিতা
Priority list অগ্রাধিকার তালিকা, পূর্বিতা-সূচি
Prison জেলখানা, কারা
Prison-breaker জেলভাঙা কয়েদি
Private একান্ত, বেসরকারি
Private and confidential একান্ত ও গোপনীয়
Private chamber খাস কামরা
Private enterprise বেসরকারি উদ্যোগ
Private Limited Company সীমাবদ্ধ দায়যুক্ত বেসরকারি কোম্পানি
Private ownership ব্যক্তি-মালিকানা, বেসরকারি মালিকানা
Private property বেসরকারি সম্পত্তি
Private Secretary একান্ত সচিব
Private sector বেসরকারি ক্ষেত্র
Privilege বিশেষাধিকার, সুযোগ-সুবিধা
Privileges Committee অধিকাররক্ষা কমিটি
Privy Council প্রিভি কাউন্সিল, রাজন্য সভা
Privy purse রাজন্য ভাতা
Prize-giving ceremony পুরস্কার-প্রদান অনুষ্ঠান
Prize-winner পুরস্কার-বিজয়ী, পুরস্কার প্রাপ্ত
P.R.O. (Public Relations Officer) জনসংযোগ আধিকারিক
Probable date সম্ভাব্য তারিখ
Probability সম্ভাব্যতা
Probability factor সম্ভাব্যতার মাত্রা
Probate ইষ্টিপ্রমাণক, প্রোবেট
Probate Court প্রোবেট আদালত, ইষ্টিপত্র আদালত
Probation অবেক্ষা, শিক্ষানবিশি
Probationary অবেক্ষাধীন, শিক্ষানবিশ
Probationary Munsiff অবেক্ষাধীন মুনসেফ
Probationer অবেক্ষাধীন (ব্যক্তি), শিক্ষাধীন (ব্যক্তি)
Probation period অবেক্ষকাল, শিক্ষানবিশকাল
Procedure প্রণালি, প্রক্রিয়া, কার্যক্রম
Proceeding কার্যাবলি, কার্যবিবরণ
Proceedings, to draw অভিযোগ বিবরণী প্রস্তুত করা
Proceeds of sale বিক্রয়লব্ধ অর্থ
Proceed with the case বিষয়টি নিয়ে অগ্রসর হোন
Process আদেশিকা, পরোয়ানা, প্রক্রিয়া
Processing প্রক্রিয়াকরণ
Process fee পরোয়ানা ফি, তলবানা, জারি খরচ
Process Register পরোয়ানা বই
Process Server পরোয়ানা জারিকারী
Process-serving Peon পরোয়ানা বাহক
Proclaimed offender ঘোষিত অপরাধী
Proclamation ঘোষণা
Proclamation by beat of drums ঢোলশোহরত

Procurement সংগ্রহ, জোগাড়
Procurement of raw materials কাঁচামাল জোগাড়, কাঁচামাল সংগ্রহ
Production উৎপাদন
Production bonus উৎপাদন বোনাস
Production of document দস্তাবেজ দাখিল
Productive labour উৎপাদনী শ্রম
Productivity উৎপাদনক্ষমতা, উৎপাদিতা
Productivity Council উৎপাদন-পরিষদ
Profession বৃত্তি, পেশা
Professional পেশাদার, বৃত্তিমূলক, পেশাগত
Professional Assistant পেশাগত সহকারী
Professional communication পেশাগত যোগাযোগ
Professional Manager পেশাদার ব্যবস্থাপক
Professor অধ্যাপক
Profit and loss লাভ ও ক্ষতি, লাভ ও লোকসান
Profit and loss account লাভ ও ক্ষতির হিসাব, লাভ-লোকসানের হিসাব
Profit bonus লাভাংশ বোনাস
Profit-sharing মুনাফা বণ্টন
Profit tax মুনাফা কর
Proforma ছক, প্রোফর্মা
Proforma bill বিলকল্প, প্রোফর্মা বিল
Proforma invoice চালানকল্প, প্রোফর্মা চালান
Prognosis ভবিষ্যৎ অনুমান (চিকিৎসা)
Programme কার্যক্রম, অনুষ্ঠানসূচি, কার্যসূচি
Programme organiser কার্যক্রম-সংগঠক, অনুষ্ঠান-সংগঠক
Programme producer অনুষ্ঠান-প্রযোজক
Programming কার্যক্রম প্রণয়ন, প্রোগ্রামিং
Progress প্রগতি, অগ্রগতি
Progressive প্রগতিশীল, বর্ধিষ্ণু
Progressive tax ক্রমবর্ধমান কর
Progressive total ক্রমিক যোগফল
Progressive report প্রগতি পত্র, অগ্রগতির বিবরণ

Prohibited নিষিদ্ধ
Prohibited zone নিষিদ্ধ এলাকা, নিষিদ্ধ অঞ্চল
Prohibitory order নিষেধাজ্ঞা
Prohibition নিষেধ, প্রতিষেধ; সুরা-নিষেধ
Project প্রকল্প
Project Officer প্রকল্প আধিকারিক
Promisor প্রতিজ্ঞাকারী
Promissory note বচনপত্র, প্রমিসরি নোট, ঋণপত্র
Promoted উন্নীত
Promotee পদোন্নত
Promoter of a company কোম্পানির প্রবর্তক
Promotion পদোন্নতি
Promotion post পদোন্নতির দ্বারা পূরণীয় পদ
Promotion quota পদোন্নতির জন্য রক্ষিত
Promulgation প্রখ্যাপন, জারি
Proof প্রুফ; প্রমাণ
Proof-reader প্রুফ-সংশোধক, প্রুফ-পাঠক
Proof reading প্রুফ পঠন
Proper channel যথামাধ্যম, সঠিক পথ
Proper channel, through যথামাধ্যমে, যথাযথ মাধ্যম বরাবর
Proper custody উপযুক্ত জিম্মা/হেফাজত
Property সম্পত্তি
Property acquired by contract চুক্তিলব্ধ সম্পত্তি
Property acquired by donation দানলব্ধ বিত্ত, দানপ্রাপ্ত সম্পত্তি
Property acquired by inheritance উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি
Property acquired by occupancy দখল করা সম্পত্তি
Property acquired by possession ভোগসিদ্ধ সম্পত্তি
Property acquired by purchase ক্রয়লব্ধ সম্পত্তি, কেনা সম্পত্তি
Property rights মালিকানা, স্বত্বাধিকার
Proportional আনুপাতিক

Proportional representation আনুপাতিক প্রতিনিধিত্ব
Proposal প্রস্তাব
Proposer প্রস্তাবক
Proposition প্রতিজ্ঞা;পরামর্শ; প্রস্তাব; সম্পাদ্য
Proprietor স্বত্বাধিকারী, মালিক
Pro rata আনুপাতিক, অনুপাতে
Proscribe নিষিদ্ধ করা, বে-আইনি ঘোষণা করা
Proscribed নিষিদ্ধ, বে-আইনি ঘোষিত
Proscription Register নিষিদ্ধ পুস্তকাদির খাতা, নিষিদ্ধ পুস্তকাদির নিবন্ধ
Prosecuted (আদালতে) অভিযুক্ত
Prosecution ফৌজদারি মামলা
Prosecution Register অভিযোগের খাতা, নালিশের খাতা, অভিযোগ নিবন্ধ
Prospective সম্ভাব্য, ভবিষ্যতে কার্যকর
Prospectus উদ্দেশ্যপত্র, ভিত্তিপত্র, স্থাপনাপত্র
Prospectus of a company কোম্পানির উদ্দেশ্যপত্র
Protected area সংরক্ষিত অঞ্চল/স্থান
Protected State, Protectorate রক্ষিত রাজ্য, আশ্রিত রাজ্য
Protection রক্ষা
Protective duty সংরক্ষণ-শুল্ক
Protective tariff সংরক্ষণ-শুল্কহার
Protein প্রোটিন
Protocol প্রোটোকল, চুক্তি -খসড়া, সরকারি আদবকায়দা
Protocol Assistant প্রোটোকল সহায়ক
Protocol Officer প্রোটোকল আধিকারিক
Provided that এই শর্তে, সাপেক্ষ
Provident fund ভবিষ্য-নিধি
Provincial revenues প্রাদেশিক রাজস্ব
Provincialism প্রাদেশিকতা
Provision বিধান, ব্যবস্থা, সংস্থান
Provisions রসদ
Proviso অনুবিধি
Proximity নৈকট্য
Proxy প্রতিনিধি, প্রক্সি
P.S.(Postscript) পুনশ্চ
Pseudonym ছদ্মনাম
Psychiatry মনোরোগবিদ্যা
Psycho-analysis মনঃসমীক্ষণ
Psychologist মনোবিদ, মনস্তাত্ত্বিক, মনোবিজ্ঞানী
Psychology মনোবিদ্যা, মনস্তত্ত্ব, মনোবিজ্ঞানী
P.T.O.(Please Turn Over) প.পৃ.দ্র. (পরপৃষ্ঠা দ্রষ্টব্য)
Public জনসাধারণ, সরকারি, প্রকাশ্য
Public Account সরকারি হিসাব
Public Accounts Committee সরকারি হিসাব কমিটি
Public Administration সরকারি প্রশাসন
Public address set জনসম্ভাষণ সরঞ্জাম
Public address system জনসম্ভাষণ ব্যবস্থা
Public auction প্রকাশ্য নিলাম
Public auctioneer সরকারি নিলামকারী
Public Call Office সার্বজনিক-দূরভাষ ঘর, সাধারণের দূরভাষ ঘর
Public carrier ভাড়ার গাড়ি (শুধুমাত্র মালবহন)
Public carrier's permit ভাড়ার গাড়ির অনুমতিপত্র
Public debt সরকারি ঋণ
Public deposit সরকারি ঋণ
Public Demand Recovery Act সরকারি প্রাপ্য আদায় আইন
Public document সরকারি দস্তাবেজ
Public education জনশিক্ষা
Public entertainment জনবিনোদন
Public finance সরকারি রাজস্ব, সরকারি আয়ব্যয়
Public fund সরকারি তহবিল, সরকারি নিধি
Public health জনস্বাস্থ্য
Public Health Department জনস্বাস্থ্য বিভাগ
Public holiday সাধারণ ছুটি, সরকারি ছুটি
Public Law লোক-আইন

Public Limited Company সাধারণ সীমাবদ্ধ দায়যুক্ত কোম্পানি
Public opinion জনমত
Public place প্রকাশ্য স্থান
Public Prosecutor সরকারি অভিযোক্তা
Public record সরকারি দলিল, সরকারি লেখ্য
Public relation জনসম্পর্ক, জনসংযোগ
Public Relations Officer জনসংযোগ আধিকারিক
Public Reporter সরকারি প্রতিবেদক
Public revenue সরকারি রাজস্ব
Public safety জননিরাপত্তা
Public sector সরকারি ক্ষেত্র
Public servant সরকারি কর্মচারী
Public Service Commission জন কৃত্যক আয়োগ
Public transport জন পরিবহন
Public Utility Fund জন-উপযোগ নিধি, জনহিত তহবিল
Public Utility Service জনহিত কৃত্যক
Public Vehicles Department জনযান বিভাগ
Public Welfare জনকল্যাণ
Public Works পূর্ত
Public Works Department পূর্ত বিভাগ
Publication প্রকাশ, প্রকাশন, প্রচার
Publication Department প্রকাশন বিভাগ
Publication House প্রকাশনালয়
Publicity প্রচার
Pump driver পাম্প চালক
Punctuality সময়নিষ্ঠা
Punctually সময়নিষ্ঠভাবে, ঠিক সময়ে
Punish শাস্তি দেওয়া, দণ্ড দেওয়া
Punishable দণ্ডনীয়
Punishment, capital প্রাণদণ্ড
Punishment, corporal শারীরিক শাস্তি
Punitive Police পিটুনি-পুলিশ
Punitive tax পিটুনি-কর
Purchase Officer ক্রয় আধিকারিক
Purpsoe of this Act এই আইনের অভীষ্ট
Pursue অনুসরণ করা, নজরে রাখা
Pursuation অনুসৃতি
Pursued অনুসৃত
Pursuit অনুসরণ; বৃত্তি, পেশা
Purview আমল, আওতা; এক্তিয়ার
Put up পেশ করুন, পেশ করা হোক
Put up a draft খসড়া পেশ করুন
Put up immediately অবিলম্বে পেশ করুন
Put up in file নথিতে পেশ করুন
Put up slip পেশ-পত্রী
Put up with connected papers সংশ্লিষ্ট কাগজপত্র সহ পেশ করুন
Put up with the file নথিসহ পেশ করুন
Put up with the letter পত্রসহ পেশ করুন
Put up with the letter referred to প্রাসঙ্গিক পত্রসহ পেশ করুন

Q

Quadruplicate চারপ্রস্থ
Qualification যোগ্যতা, গুণ
Qualified যোগ্য, যোগ্যতাবিশিষ্ট
Qualified Medical Practitioner যোগ্যতাবিশিষ্ট চিকিৎসক
Qualitative গুণগত, গুণাত্মক, গুণমূলক
Qualitative analysis গুণগত বিশ্লেষণ
Quality control গুণমান নিয়ন্ত্রণ
Quality goods উৎকৃষ্ট পণ্য
Quality printing উৎকৃষ্ট মুদ্রণ, ভালো ছাপা
Quantitative মাত্রিক, পরিমাণগত, রাশিগত
Quantitative analysis মাত্রিক বিশ্লেষণ, পরিমাণগত বিশ্লেষণ
Quantum পরিমাণ
Quantum index পরিমাণ-সূচক

Quarantine নিবারণ, নিবারণ-পৃথক্‌করণ
Quarantine leave নিবারক-অবকাশ বা ছুটি
Quarterly ত্রৈমাসিক
Quarterly report ত্রৈমাসিক প্রতিবেদন
Quarters আবাস
Quarters, staff কর্মী-আবাস
Quarto আট-পেজি
Quash বাতিল করা
Quasi-civil আধা-অসামরিক
Quasi Government আধা-সরকারি
Quasi judicial বিচার-কল্প
Quasi permanent আধা স্থায়ী, প্রায় স্থায়ী
Query জিজ্ঞাসা, প্রশ্ন
Question and answer প্রশ্নোত্তর
Question hour প্রশ্নোত্তর কাল
Question mark প্রশ্ন-চিহ্ন
Question of law বিধিগত প্রশ্ন, আইনের প্রশ্ন
Questionable প্রশ্নভাজন
Questionnaire প্রশ্নমালা, প্রশ্নাবলি
Quick action দ্রুত ব্যবস্থা
Quick march দ্রুত চলা, জোর কদম
Quid pro quo প্রতিপূরণ
Quintal কুইন্টাল, একশো কিলো
Quorum কোরাম, ন্যূনতম উপস্থিতি
Quorum of a meeting সভার নিয়মানুসারে ন্যূনতম উপস্থিতি
Quota নির্ধারিত অংশ/ভাগ
Quotation উদ্ধার, উদ্ধৃতি; মূল্যজ্ঞাপন, দরপত্র
Quotation mark উদ্ধৃতি চিহ্ন
Quoted উদ্ধৃত

R

Race জাতি
Race-course ঘোড়দৌড়ের মাঠ
Racial জাতীয়, জাতিগত
Racialism জাতি-বিদ্বেষ
Racketeering প্রতারণামূলক অর্থোপাজন
Radar রেডার
Radio রেডিয়ো, বেতার
Radioactive তেজষ্ক্রিয়
Radioactivity তেজষ্ক্রিয়তা
Radio communication বেতার যোগাযোগ
Radiogram রেডিয়োগ্রাম
Radio-talk বেতার কথিকা
Radio therapy রশ্মি চিকিৎসা
Radium রেডিয়াম
Radius ব্যাসার্ধ
Railway রেলপথ
Railway Act রেলপথ আইন
Railway Authority রেলপথ কর্তৃপক্ষ, রেল-কর্তৃপক্ষ
Railway Board রেল পর্ষদ
Railway bridge রেল-সেতু
Railway crossing রেল-ক্রসিং
Railway, light ক্ষুদ্র রেলপথ
Railway line রেল-লাইন
Railway Mail Service (R.M.S.) রেল-ডাক কৃত্যক
Railway Police রেল-পুলিশ, রেল আরক্ষা
Railway Station রেল স্টেশন
Raincoat বর্ষাতি
Rains, cyclonic ঘূর্ণিবৃষ্টি
Raiyat রায়ত
Random distribution যদৃচ্ছবণ্টন, অক্রম বণ্টন, সমসম্ভব বণ্টন
Random sampling যদৃচ্ছ নমুনা-সংগ্রহ, অক্রম নমুনা-সংগ্রহ, সমসম্ভব নমুনা-সংগ্রহ
Range, Forest বনাঞ্চল
Ranger of Forests বনরক্ষক
Rank পদস্তর
Rank and file সাধারণ সৈন্য, সাধারণ কর্মী, জনসাধারণ
Rapport অন্তরমিল
Rare book বিরল গ্রন্থ, দুষ্প্রাপ্য গ্রন্থ

Rashly বেপরোয়াভাবে, হঠকারীভাবে
Rate হার
Rate of developement উন্নয়ন-হার
Rate of exchange বিনিময়-হার
Ratification অনুসমর্থন
Rate of exchange under gold standard স্বর্ণমান ব্যবস্থায় বিনিময় হার
Rating নির্ধারণ, মূল্যায়ন
Ratio অনুপাত
Ratio of exchange বিনিময়-অনুপাত
Ration রেশন, সংভাগ
Rationalisation যুক্তিসংগত পুনর্গঠন, যুক্তিসংগতি
Rationalism যুক্তিবাদ
Rationed area রেশন অঞ্চল/এলাকা
Rationee রেশনভোগী
Rationing area রেশন অঞ্চল/এলাকা
Rationing,modified সংশোধিত রেশন
Rationing Officer রেশন আধিকারিক
Rationing, statutory বিধিবদ্ধ রেশন
Ration card রেশন কার্ড
Ration permit রেশন-অনুমতিপত্র, রেশন-পারমিট
Ration shop রেশনের দোকান, রেশন-দোকান
Raw material কাঁচামাল
Raw silk কাঁচা রেশম
Reactionery প্রতিক্রিয়াশীল
Reader পরীক্ষক, পাঠক; রিডার
Reading-room পাঠকক্ষ
Readymade garment তৈরি পোশাক
Ready reckoner গণনা সারণি
Real income প্রকৃত আয়
Realism বাস্তববাদ
Realist বাস্তববাদী
Realise (tax) (কর) আদায় করা, উশুল করা
Realisable dues আদায়যোগ্য প্রাপ্য
Realisation of arrear dues বকেয়া প্রাপ্য আদায়
Realtor ভূসম্পত্তির কারবারি, জমির দালাল
Real wages প্রকৃত মজুরি
Re-appointment পুনর্নিয়োগ
Re-appropriation পুনরুপযোজন
Re-appropriation from one head to another একখাত থেকে আর এক খাতে পুনরুপযোজন
Rearing of silk worms গুটিপোকার চাষ
Reasonable ন্যায়সংগত, যুক্তিযুক্ত
Reasonable complaint যুক্তিযুক্ত অভিযোগ
Re-assessment পুনর্নির্ধারণ
Rebate ছাড়
Recall প্রত্যাহরণ, চেয়ে পাঠানো; স্মরণ করা
Recalled প্রত্যাহৃত
Receipient প্রাপক
Receipt রসিদ, আয়, প্রাপ্তি
Receipt and Despatch Section প্রাপ্তি ও প্রেরণ উপশাখা, প্রাপ্তি ও প্রেষণ উপশাখা
Receipt and disbursement আয়ব্যয়ন
Receipt and Issue Section প্রাপ্তি ও বিলি উপশাখা
Receipt and payment জমাখরচ, প্রাপ্তি ও পরিশোধ
Receiver, Radio বেতার গ্রাহক যন্ত্র
Receiver, Telephone টেলিফোন-গ্রাহক যন্ত্র, টেলিফোন রিসিভার
Reception, committee অভ্যর্থনা সমিতি, অভ্যর্থনা কমিটি
Receptionist আপ্যায়ক/ আপ্যায়িকা
Reception room অভ্যর্থনা/আপ্যায়ন কক্ষ
Recess বিরতিকাল
Reclamation উদ্ধার, জমি হাসিল; সংশোধন
Reclamation of fallow land পতিত জমি উদ্ধার
Receipts and Payments Account জমাখরচের হিসাব, প্রাপ্তি ও পরিশোধের হিসাব
Receipted challan রসিদ-চালান

Receipt Register প্রাপ্তি খাতা, প্রাপ্তি-নিবন্ধ
Receipt, Revenue রাজস্ব খাতে আয়, রাজস্ব-আয়, রাজস্ব-প্রাপ্তি
Receipt side of the Budget বাজেটের প্রাপ্তি খাত, বাজেটের আয়খাত
Receiver (of a property) (সম্পত্তির) তত্ত্বাবধায়ক, রিসিভার
Recognised school অনুমোদিত বিদ্যালয়
Recognition অভিজ্ঞা, স্বীকার, স্বীকৃতি, অনুমোদন
Recommend সুপারিশ করা
Recommendation সুপারিশ
Recommended সুপারিশ করা হল
Recommended and forwarded সুপারিশ করে প্রেরিত হল
Recommended for sanction অনুমোদনের জন্য সুপারিশ করা হল, মঞ্জুরির জন্য সুপারিশ করা হল
Reconcile সংগতিসাধন করা
Reconcilement of discrepancy in the account হিসাবে গরমিলের সংগতিসাধন
Reconciliation of account হিসাবের সংগতিসাধন
Reconsider পুনর্বিবেচনা করা
Reconsideration পুনর্বিবেচনা
Reconstitute পুনর্গঠন করা
Record লেখ্য, নথি
Record-breaking রেকর্ড ভাঙা, নজির সৃষ্টি করা
Recorder নিবেশক, লিপিবদ্ধকারী
Record Keeper নথি-রক্ষক, লেখ্য-রক্ষক
Record management নথি-ব্যবস্থাপনা, নথি-সংরক্ষণ
Record Office দলিল অফিস, লেখ্য-কার্যালয়
Record Manual নথিসংক্রান্ত নির্দেশিকা, নথি নির্দেশিকা
Record of rights স্বত্বের দলিল, স্বত্ব-লেখ্য, খতিয়ান
Record room লেখ্যাগার, মহাফেজখানা
Record Supplier নথি-দাতা, লেখ্য দায়ক, নথিপরিবেশক,
Recording নিবেশন, লিপিবদ্ধ করা, সংরক্ষণ করা
Recording of proceedings কার্যবিবরণ লিপিবদ্ধকরণ
Recoup পুনরুদ্ধার, উশুল করা
Recoupment পুনরুদ্ধার করা, উশুল করা
Recoupment of Permanent Advance (R.P.A.) স্থায়ী অগ্রিম পুনরুদ্ধার
Recovery আদায়
Recovery from illness রোগমুক্তি , আরোগ্য
Recovery of outstanding balance বকেয়া প্রাপ্য আদায়
Recreation allowance বিনোদন ভাতা
Recruit প্রবেশী, ভরতি, নিয়োগ করা, ভরতি করা
Recruiting Office কর্মীসংগ্রহ করণ/অফিস/ কার্যালয়
Recruiting Officer নিয়োগ আধিকারিক
Recruitment প্রবেশন, সংগ্রহ, ভরতি, নিয়োগ
Rectification of errors ত্রুটি সংশোধন
Rector অধিশিক্ষক, রেক্টর
Recurring আবর্তক
Recurring expenditure আবর্তক ব্যয়
Red cross রেডক্রস
Red-tapism দীর্ঘসূত্রিতা
Redemption দায়মুক্তি , উদ্ধার, পরিশোধ
Redemption charges দায়মুক্তি ব্যয়
Redirected পুনঃপ্রেরিত
Redirection of letters চিঠি পুনঃপ্রেরণ
Reduced price হ্রাস-মূল্য, কমানো দাম, ছাঁটাই দাম
Reduction of capital মূলধন হ্রাস
Redundant বাড়তি, প্রয়োজনাতিরিক্ত
Re-election পুনর্নির্বাচন
Re-employment পুনর্নিয়োগ
Re-examination পুনঃপরীক্ষা

Refer নির্দেশ করা, উল্লেখ করা, নজর দেওয়া
Reference উল্লেখ, সূত্র, প্রসঙ্গ
Reference Assistant সূত্র-সহায়ক
Reference Clerk সূত্র-করণিক
Reference Library সূত্র সহায়ক গ্রন্থাগার, প্রাসঙ্গিক গ্রন্থাগার
Reference Section সূত্রনির্দেশ উপশাখা
Reference (to the High Court) (প্রধান বিচারালয়ে) মতার্থে প্রেরণ
Referendum গণভোট
Refer (to a rule) (কোনো বিধি বা নিয়ম)নির্দেশ বা উল্লেখ করা
Refinery শোধনাগার
Reforestation পুনর্বনায়ন
Reformation সংস্কার, সংশোধন
Reformative punishment সংশোধনমূলক শাস্তি
Reformatory সংশোধনাগার
Reformatory school সংশোধন বিদ্যালয়
Refresher course নবায়নী শিক্ষাক্রম
Refreshment, light হালকা জলযোগ
Refreshment room ভোজনাগার, ভোজনালয়
Refrigerated হিমায়িত
Refrigeration হিমায়ন
Refrigerator রেফ্রিজারেটর, ফ্রিজ
Refugee উদ্‌বাস্তু, শরণার্থী
Refugee rehabilitation উদ্‌বাস্তু পুনর্বাসন
Refund adjustment order প্রত্যর্পণ সমন্বয় আদেশ
Refund cash payment order নগদ প্রত্যর্পণ আদেশ
Refurbish পুনঃসজ্জিত করা
Regiment সৈন্যদল
Regional আঞ্চলিক
Regional autonomy আঞ্চলিক স্বশাসন
Regional Council আঞ্চলিক পরিষদ
Register খাতা, নিবন্ধ; নিবন্ধভুক্ত করা, রেজিস্ট্রি করা
Register, attendance হাজিরা খাতা
Registered নিবন্ধিত, রেজিস্ট্রিকৃত, পঞ্জিকৃত
Registered company নিবন্ধিত কোম্পানি, পঞ্জিভুক্ত কোম্পানি
Registered post রেজিস্ট্রি ডাক, নিবন্ধিত ডাক
Registered society নিবন্ধিত সমিতি
Registered with A/D প্রাপ্তিস্বীকার পত্রসহ রেজিস্ট্রিকৃত, প্রাপ্তিস্বীকার পত্রসহ নিবন্ধিত
Registering রেজিস্ট্রিকরণ, নিবন্ধন
Registering Authorities নিবন্ধন কর্তৃপক্ষ
Registrar (Co-operative society) নিবন্ধক (সমবায় সমিতি)
Registrar (High Court) নিবন্ধক (প্রধান বিচারালয় বা মহাধর্মাধিকরণ)
Registrar (Home and other Deptts.) করণাধ্যক্ষ
Registrar of Assurances লেখ্য নিবন্ধক
Registrar of Companies কোম্পানি নিবন্ধক
Registrar of Joint Stock Companies যৌথ কোম্পানি নিবন্ধক
Registrar (of University) বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক
Registrar, Trade Union ট্রেড ইউনিয়ন নিবন্ধক
Registrar Small Causes Court নিবন্ধক, ছোটো আদালত
Registration নিবন্ধ, নিবন্ধীকরণ, পঞ্জিভুক্ত
Registration no. নিবন্ধসংখ্যা, রেজিস্ট্রি সংখ্যা
Regular নিয়মিত
Regularisation নিয়মন, নিয়মিতকরণ
Regularise নিয়মিত করা
Regularised নিয়ামিত
Regulation প্রনিয়ম
Regulator নিয়ামক
Rehabilitation পুনর্বাসন
Reimburse ব্যয়পূরণ করা, পুনর্ভরণ করা
Reimbursement ব্যয়পূরণ, পুনর্ভরণ (অর্থ), প্রতিপূরণ

Reimbursement bill, Medical চিকিৎসাব্যয় পূরণ বিল
Reinstatement পুনর্বহাল, পুনঃস্থাপন
Re-issue পুনঃপ্রেরণ, পুনঃপ্রদান, আবার পাঠানো, আবার দেওয়া
Re-issue of order পুনরায় আদেশ জারি
Reject প্রত্যাখ্যান, বাতিল করা
Rejection of evidence সাক্ষ্য প্রত্যাখ্যান
Rejoinder প্রত্যুত্তর, জবাব
Related matter সম্পর্কিত বিষয়, প্রাসঙ্গিক বিষয়
Relative efficiency আপেক্ষিক দক্ষতা, তুলনামূলক কুশলতা
Relative surplus value আপেক্ষিক উদ্বৃত্ত মূল্য
Relaxation শিথিলকরণ
Relaxation of rule নিয়মের শিথিলকরণ, নিয়মে ছাড়
Relaying Station রিলে কেন্দ্র, রিলে স্টেশন
Relay race রিলে দৌড়
Release মুক্তি , মুক্তি লাভ, মুক্ত করা
Release (of books) প্রকাশ (পুস্তক)
Release order মুক্তি-আদেশ, ছাড়-চিঠি
Relevant প্রাসঙ্গিক
Relevance, Relevancy প্রাসঙ্গিকতা
Reliable source বিশ্বস্ত সূত্র, নির্ভরযোগ্য সূত্র
Relief ত্রাণ, উপশম, সহায়তা
Relief and Rehabilitation ত্রাণ ও পুনর্বাসন
Relief camp ত্রাণ-শিবির
Relief goods ত্রাণ-সামগ্রী
Relief measure ত্রাণব্যবস্থা
Relief Office ত্রাণ কার্যালয়
Relieved Officer দায়মুক্ত আধিকারিক
Relieving Officer দায়গ্রহণকারী আধিকারিক
Relinquish ত্যাগ করা, ছেড়ে দেওয়া, ছাড়া
Remand পুনঃপ্রেরণ করা, ফেরত পাঠানো
Remanded in police custody পুলিশ হেপাজতে রাখা/পাঠানো
Remanded to custody হাজতে পুনঃপ্রেরিত, হাজতে ফেরত
Remark মন্তব্য, মন্তব্য করা
Remedy প্রতিকার
Reminder তাগিদ, স্মারক
Reminder may be issued তাগিদ পাঠানো যেতে পারে
Reminder Register তাগিদ খাতা
Reminder slip স্মারকপত্রী, তাগিদ চিঠি
Remission নিষ্কৃতি, মকুব
Remission of rent খাজনা মকুব, ভাড়া মকুব
Remission of revenue রাজস্ব মকুব
Remit প্রেরণ করা, দণ্ড মকুব করা
Remmittance প্রেরণ, প্রেষণ
Remote control দূর-নিয়ন্ত্রণ
Remote control, electronic বৈদ্যুতিন দূর-নিয়ন্ত্রণ
Remount পুনরারোহণ
Removal অপসারণ, সরিয়ে দেওয়া, স্থানান্তরণ
Remove অপসারণ করা, সরিয়ে দেওয়া
Remuneration পারিশ্রমিক
Renewal নবীকরণ
Renewed নবীকৃত
Rent, rates and taxes ভাড়া অভিকর ও কর
Rental ভাড়া, খাজনা
Rent Collector ভাড়াসংগ্রাহক, খাজনা আদায়কারী
Rent Control ভাড়া নিয়ন্ত্রণ
Rent Controller ভাড়া নিয়ামক
Rent, dead তামাদি ভাড়া, তামাদি খাজনা
Rent-free নিষ্কর, বিনা ভাড়ায় (বাসস্থান ইত্যাদি)
Rent-free land নিষ্কর জমি, নিষ্কর ভূমি
Rent roll খাজনার পঞ্জি
Reorganisation পুনর্গঠন
Reorganise পুনর্গঠন করা

Reorientation পুনরভিমুখন
Reparable পূরণযোগ্য
Repairable মেরামতযোগ্য, সংস্কারযোগ্য
Repair work মেরামতি কাজ
Repatriated প্রতিবাসিত
Repatriation প্রতিবাসন
Repay শোধ করা, পরিশোধ করা
Repayable শোধ্য, পরিশোধ্য
Repayment of loan ঋণশোধ
Repeal নিরসন, রহিতকরণ, নিরসন করা
Repetition পুনরাবৃত্তি
Replenishment পুনঃপূরণ
Replica অবিকল প্রতিরূপ
Reply sheet উত্তর পত্র
Report প্রতিবেদন
Reportedly missing হারিয়ে গেছে বলে প্রকাশ
Reporter প্রতিবেদক, সংবাদদাতা
Reporting to duty কাজে যোগ দেওয়া
Representation প্রতিনিধিত্ব, নিবেদন, আবেদন
Representative প্রতিনিধি, প্রতিনিধিত্বমূলক
Reprimand সরকারি ভর্ৎসনা/তিরস্কার
Reprint পুনর্মুদ্রণ, পুনরায় ছাপানো
Reproduction জনন, বংশবৃদ্ধি; পুনরুৎপাদন
Reproduction, asexual অযৌন জনন
Republic প্রজাতন্ত্র
Republican প্রজাতন্ত্রী
Repugnant বিরোধী, প্রতিকূল
Reputation খ্যাতি, সুনাম
Requisition যাচন, তলব
Requisition slip যাচনপত্রী, তলবপত্রী
Requistioned meeting তলবি সভা, তলবি অধিবেশন
Rescind খারিজ করা
Rescission খারিজ
Rescue Home উদ্ধার আশ্রম
Rescue party উদ্ধারকারী দল
Research Assistant গবেষণা-সহায়ক
Research fellow গবেষণা-ফেলো
Research Institute গবেষণা-প্রতিষ্ঠান, গবেষণা সংস্থা
Research laboratory গবেষণাগার
Research scholar বিদ্যার্থী গবেষক
Research scholarship গবেষণা-বৃত্তি
Reservation সংরক্ষণ
Reservation of accommodation স্থান সংরক্ষণ
Reservation of right of disposal বিক্রয় ও হস্তান্তরণের অধিকার সংরক্ষণ
Reservation of seat আসন সংরক্ষণ
Reservation of berth শয্যা সংরক্ষণ
Reserve (depreciation reserve) সঞ্চিতি
Reserve Forces সংরক্ষিত বাহিনী
Reserve fund সংরক্ষিত তহবিল
Reserve price ন্যূনতম মূল্য, সংরক্ষিত মূল্য
Reserved সংরক্ষিত
Reserved capital সংরক্ষিত মূলধন
Reserved Forest সংরক্ষিত বন
Reservoir আধার, জলাধার
Resident আবাসিক
Resident Medical Officer আবাসিক চিকিৎসা আধিকারিক
Resident Surgeon আবাসিক শল্যচিকিৎসক
Residuary powers অবশিষ্ট ক্ষমতা
Resign পদত্যাগ করা
Resignation পদত্যাগ, ইস্তফা
Resolution প্রস্তাব, সংকল্প
Resource সম্পদ
Resource person বিশেষজ্ঞ
Respite বিরাম, রেহাই
Respondent প্রতিবাদী
Responsibility দায়িত্ব
Restaurant রেস্তোরাঁ, রেস্টুরেন্ট
Rest House বিশ্রামগৃহ

Rest Room বিশ্রামকক্ষ
Restitution of conjugal rights দাম্পত্যাধিকার পুনঃস্থাপন
Restraint of trade বাণিজ্য সংকোচন
Restricted holiday নিয়ন্ত্রিত ছুটি, সংরক্ষিত ছুটি
Restriction বাধানিষেধ
Restrictive condition সংকোচক শর্ত
Resume (n) সারসংকলন, চুম্বক
Resume (v) পুনরারম্ভ করা, আবার চালু করা
Retail খুচরো
Retailer খুচরো বিক্রেতা
Retail price খুচরো দর
Retail sale খুচরো বিক্রয়
Retailer, authorised অনুমোদিত খুচরো বিক্রেতা
Retention রক্ষা, বহাল
Retina অক্ষিপট, রেটিনা
Retire অবসর গ্রহণ করা, অবসর গ্রহণ করানো
Retirement অবসর, অবসরণ
Retirement, forced বাধ্যতামূলক অবসরণ
Retirement, voluntary স্বেচ্ছা-অবসর
Retiring benefits অবসরকালীন সুবিধা
Retiring pension অবসর-ভাতা, অবসর-বেতন
Retiring room বিশ্রাম কক্ষ
Retrench ছাঁটাই করা
Retrenchment compensation ছাঁটাই ক্ষতিপূরণ
Retrenchment of pay বেতন ছাঁটাই
Retrial পুনর্বিচার
Retrieve পুনরুদ্ধার করা
Retrospective অতীত-বীক্ষণ, ফিরে দেখা
Retrospective effect অতীত থেকে কার্যকর করা
Return বিবরণী/দাখিলা
Return, Annual বার্ষিক বিবরণী/দাখিলা
Return, diminishing ক্রমহ্রাসমান উৎপাদন, ক্রমক্ষীয়মান উৎপাদন
Return, Income Tax আয়কর বিবরণ/দাখিলা
Returning Officer নির্বাচন আধিকারিক, রিটার্নিং অফিসার
Return ticket ফিরতি টিকিট
Reunion মিলনোৎসব, পুনর্মিলন
Revalidate পুনঃসিদ্ধ করা, পুনর্বৈধ করা, পুনর্বিহিত করা
Revalidated পুনঃসিদ্ধ, পুনর্বিহিত
Revenue account রাজস্ব হিসাব
Revenue Assistant রাজস্ব সহায়ক
Revenue Board রাজস্ব পর্ষদ
Revenue Court রাজস্ব বিচারালয়
Revenue deposit রাজস্বখাতে জমা
Revenue free লাখেরাজ, রাজস্বমুক্ত
Revenue policy রাজস্ব-নীতি
Revenue receipt রাজস্ব-আয়, রাজস্ব-প্রাপ্তি
Review পুনঃপরীক্ষা, সমালোচনা,পর্যালোচনা
Reviewer পর্যালোচনাকারী, সমালোচক
Review of Judgement রায় পুনর্বিবেচনা
Revised সংশোধিত
Revised Budget সংশোধিত বাজেট
Revised Estimate সংশোধিত প্রাক্কলন
Revising Authority সংশোধন আধিকারী/কর্তা
Revision সংশোধন, পুনরীক্ষণ
Revocation of acceptance সম্মতি বাতিলকরণ/রদকরণ
Revoke বাতিল করা, রদ করা
Right আধিকার, স্বত্ব
Right, Authority & Jurisdiction অধিকার, কর্তৃত্ব ও অধিক্ষেত্র
Right of access প্রবেশাধিকার
Right of ownership মালিকানা স্বত্ব
Right of suit মামলার অধিকার
Rigorous imprisonment সশ্রম কারাবাস
Rioter দাঙ্গাকারী
Rise and fall ওঠানামা, তেজিমন্দা
Risk of loss লোকসানের ঝুঁকি, ক্ষতির ঝুঁকি, ক্ষতির সম্ভাবনা

Road cess পথকর
Road, high বড়ো রাস্তা
Road transport পথ পরিবহন, সড়ক পরিবহন
Roll, acqittance প্রাপ্তিস্বীকার পঞ্জি
Roll, muster (সৈন্যদের) নামের তালিকা
Roster-book পালা-বই
Roster-duty পালা করে কাজ/দায়িত্ব
Rotunda রোটান্ডা, গোল-ঘর
Rostrum মঞ্চ
Rough copy খসড়া প্রতিলিপি
Rough draft প্রাথমিক খসড়া
Rough estimate খসড়া হিসেব, আনুমানিক হিসেব
Round up ধরপাকড়
Rounded off/to সামান্য কমিয়ে/বাড়িয়ে পূর্ণসংখ্যায়
Route যাত্রাপথ
Route-march কুচকাওয়াজ
Routine duty ধরাবাঁধা কাজ
Routine note-sheet নির্দিষ্ট মন্তব্যপত্র, নিয়মমাফিক মন্তব্যপত্র
Routine work ধরাবাঁধা কাজ, নিত্যকর্ম
Royalty স্বত্বমূল্য, রয়্যালটি
R.S.V.P. (=*reply if you please; Fr. repondez sil vous plait*) অনুগ্রহ করে উত্তর দেবেন
Rubber-stamp রবার স্ট্যাম্প, রবার ছাপ
Ruled paper রুলটানা কাগজ
Rule of law আইনের শাসন
Rule of procedure কার্যক্রমের নিয়ম
Rules and regulations নিয়মাবলি
Rules of business কার্যবিধি,কার্য- নিয়মাবলি
Rules of pleading সওয়ালের নিয়ম
Ruling বিনির্দেশ
Run over গাড়িচাপা পড়া/ দেওয়া
Running commentary ধারাভাষ্য
Runway দৌড়পথ
Rural গ্রামীণ
Rural Bank গ্রামীণ ব্যাংক
Rural Development গ্রামীণ উন্নয়ন
Rural Health Centre গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র
Rural reconstruction গ্রামীণ পুনর্গঠন
Rush hours ব্যস্ত সময়

S

Sabotage অন্তর্ঘাত
Saboteur অন্তর্ঘাতক
Sacrosanct অলঙ্ঘ্য, পূত-পবিত্র
Safe conduct of a bill বিলের রক্ষাকবচ
Safe custody নিরাপদ হেপাজত, সুরক্ষিত জিম্মা
Safe-deposit রক্ষাগার, নিরাপদ জমা
Safe-deposit vault সুরক্ষা কক্ষ, সুরক্ষা ভল্ট
Safeguard রক্ষাকবচ
Saffron জাফরান, জাফরানি, গৈরিক
Salaried বেতনভুক
Salary বেতন
Saleable বিক্রয়যোগ্য
Sale, auction নিলাম বিক্রয়
Sale day-book বিক্রয় জাবেদা
Sale notice নিলাম বিজ্ঞপ্তি
Sale on approval অনুমোদনসাপেক্ষ বিক্রয়, জাঁকড়ে বিক্রি
Sales and distribution বিক্রয় ও বণ্টন
Salesmanship বিক্রয়বিদ্যা, বিক্রয়পটুতা
Sales representative বিক্রয়-প্রতিনিধি
Sales tax বিক্রয় কর
Salt Lake লবণ হ্রদ
Salute অভিবাদন, সেলাম
Salvation Army স্যালভেশন আর্মি
Sample নমুনা
Sample design নমুনা নকশা
Sample survey নমুনা সমীক্ষা, নমুনা জরিপ
Sampling নমুনা নেওয়া
Sanatorium স্বাস্থ্যনিবাস, আরোগ্যালয়

Sanctification পবিত্রীকরণ
Sanction অনুমোদন, মঞ্জুরি; অবরোধ
Sanctioned অনুমোদিত, মঞ্জুর
Sanctioning Authority অনুমোদন কর্তৃপক্ষ
Sanction, legal আইনসিদ্ধ অনুমোদন
Sanction, special বিশেষ অনুমোদন, বিশেষ মঞ্জুরি
Sancturay অভয়ারণ্য
Sand-bank বালি-চড়া
Sand, coarse মোটা বালি
Sand, fine মিহি বালি
Sand, medium মাঝারি বালি
Sand-paper সিরিশ কাগজ
Sand-stone বেলে পাথর
Sand-storm বালির ঝড়, আঁধি
Sanitation অনাময়-ব্যবস্থা, স্বাস্থ্য-বিধান
Satellite উপগ্রহ
Satellite-town উপ-নগর
Satisfactory সন্তোষজনক
Saving উদ্‌বৃত্ত, সঞ্চয়
Savings account সঞ্চয় হিসাব, সেভিংস অ্যাকাউন্ট
Savings Bank সঞ্চয় ব্যাংক
Savings Certificate সঞ্চয়পত্র
Scaffolding ভারা, ভারাবাঁধা, মাচান, মাচান করা
Scale of pay বেতনক্রম
Scale of production উৎপাদনের মাত্রা
Scales তুলা
Scam আর্থিক প্রতারণা, জোচ্চুরি
Scavenger সাফাইকারী, ঝাড়ুদার
Scene of crime অকুস্থল
Schedule তফশিল, তালিকা
Scheduled Bank তফশিলভুক্ত ব্যাংক
Scheduled Caste তফশিলি সম্প্রদায়
Scheduled Tribe তফশিলি আদিবাসী
Scheduled time নির্ধারিত সময়, তালিকাভুক্ত সময়
Schedule of expenditure খরচের তালিকা, খরচের তফশিল
Schedule of rates দরের তালিকা
Scheme পরিকল্প
Scholar বিদ্যার্থী; পণ্ডিত
Scholarship বৃত্তি, জলপানি; পাণ্ডিত্য
School বিদ্যালয়
School-going children বিদ্যালয়গামী ছেলেমেয়ে
School Inspector বিদ্যালয় পরিদর্শক
School Final Examination বিদ্যালয় শিক্ষান্ত পরীক্ষা, মাধ্যমিক পরীক্ষা
Science laboratory বিজ্ঞান পরীক্ষাগার, বিজ্ঞান ল্যাবরেটরি
Science apparatus বৈজ্ঞানিক যন্ত্রপাতি
Scoop একান্ত সংবাদ
Screening বাছাই
Screening Board বাছাই পর্ষদ
Script লিপি, উত্তরপত্র
Script, Roman রোমান লিপি
Script-writer লিপি-লেখক; চিত্রনাট্যকার
Scrutinizer সমীক্ষক
Scrutiny সমীক্ষা, খুঁটিয়ে দেখা
Sculptor ভাস্কর
Sculpture ভাস্কর্য
S.D.O. (Sub-divisional Officer) মহকুমা-শাসক
Sea-borne সমুদ্রবাহিত
Sea Customs Act সমুদ্র শুল্ক বিহিতক বা আইন
Sea dyke সমুদ্র বাঁধ
Seal সিলমোহর, নামমুদ্রা
Sealed মোহরাঙ্কিত, নামমুদ্রাঙ্কিত
Sea-level সমুদ্রপৃষ্ঠ
Seaman নাবিক
Seamanship নাবিকবিদ্যা, নাবিকবৃত্তি
Searchlight সন্ধানী বাতি, তল্লাশি আলো

Search-warrant তল্লাশি পরোয়ানা
Sea-sickness সমুদ্রপীড়া
Seasonal মরশুমি, ঋতু অনুযায়ী
Seasonal unemployment মরশুমি বেকারত্ব, সময়ে সময়ে বেকারি
Season ticket সিজন টিকেট, মেয়াদি টিকেট
Seat আসন
Seat reservation আসন সংরক্ষণ
Sea-weed সামুদ্রিক-গুল্ম, সমুদ্র শৈবাল
Secondary মধ্য, মাধ্যমিক
Secondary Education Board মধ্য-শিক্ষা পর্ষদ
Second-hand ব্যবহৃত, হাতফেরতা
Second-in-Command সহকারী অধিনায়ক
Secondly দ্বিতীয়ত
Seconder সমর্থক
Second reader দ্বিতীয় পাঠক
Second reading দ্বিতীয় পাঠ
Second thought পুনর্বিবেচনা, দ্বিতীয় চিন্তা
Secret গুপ্ত, গোপনীয়
Secret agent গুপ্তচর, গুপ্ত প্রতিনিধি
Secret cover গোপনীয় খাম
Secretarial সচিবালয় সংক্রান্ত
Secretariat মহাকরণ, সচিবালয়
Secretariat Manual সচিবালয়-নির্দেশিকা
Secretary সচিব, সম্পাদক
Secretary, Textbook Committee সচিব, পাঠ্য-পুস্তক নির্বাচন সমিতি
Secretary General মহাসচিব
Secretary, General সাধারণ সম্পাদক
Secretary, Principal প্রধান সচিব
Secret ballot গোপন ভোট
Secret code গোপন সংকেত
Secret file গোপন নথি
Secret, top অতি গোপনীয়
Sect সম্প্রদায়
Section (e.g. Section 144) ধারা
Section (a body of troops) পত্তি
Section (e.g. Copying Section) উপশাখা, অনুবিভাগ
Section, cross প্রস্থচ্ছেদ
Section, longitudinal দীর্ঘচ্ছেদ
Section Officer শাখা আধিকারিক
Section, vertical লম্বচ্ছেদ
Sector, Private বেসরকারি ক্ষেত্র
Sector, Public সরকারি ক্ষেত্র
Secular ধর্মনিরপেক্ষ
Secularism ধর্মনিরপেক্ষতা
Secular State ধর্মনিরপেক্ষ রাষ্ট্র
Security (gurantee) জামিন, প্রতিভূতি
Security নিরাপত্তা
Security Bond জামিননামা
Security, Collateral অতিরিক্ত জামিন
Security Council নিরাপত্তা পরিষদ
Security deposit জামানত, প্রতিভূতি
Security for personal appearance হাজিরা-জামিন
Security measure নিরাপত্তা ব্যবস্থা
Security Officer নিরাপত্তা আধিকারিক
Sedimentary rock পাললিক শিলা, পলল শিলা
Sedition রাষ্ট্রদ্রোহ, রাজদ্রোহ, রাষ্ট্রবৈর, রাজবৈর
Seditious রাষ্ট্রদ্রোহমূলক, রাজবৈরমূলক
Seduce ফুসলানো, প্রলুব্ধ করা
Seen, thanks দেখলাম, ধন্যবাদ
Segment খণ্ড, খণ্ডক, বৃত্তাংশ
Segregated পৃথককৃত
Seismograph ভূকম্পলেখ
Seismography ভূকম্পবিদ্যা
Seize ধরা, আটক করা, বাজেয়াপ্ত করা
Seizure আটক
Seizure list ধরা মালের ফর্দ, আটক মালের তালিকা

Select Committee প্রবর সমিতি
Selection বাছাই, নির্বাচন
Selection Board নির্বাচন পর্ষদ
Selection Grade নির্বাচিত পর্যায়, সিলেকশন গ্রেড, নির্বাচিত স্তর
Self-contained স্বয়ংসম্পূর্ণ
Self-contradictory স্ববিরোধী
Self-determination স্বাধিকার প্রতিষ্ঠা
Self-Government স্বায়ত্তশাসন
Self help স্বাবলম্বন
Self-service স্বয়ংসেবা
Self-sufficient স্বয়ম্ভর, স্বয়ংসম্পূর্ণ
Self-supporting স্বয়ম্ভর
Selling-price দাম, বিক্রয়মূল্য
Semicircular অর্ধবৃত্তাকার
Semicolon সেমিকোলন
Semi-final প্রাক্-চূড়ান্ত, সেমি-ফাইনাল
Semi-skilled অর্ধ-পটু, অর্ধ-দক্ষ, আধা-নিপুণ
Seminar আলোচনা সভা, সেমিনার
Semi-official, demi-official আধা-সরকারি
Semi-public sector আধা-সরকারি ক্ষেত্র
Senate অধিষদ, সিনেট
Senator আধিষদিক, সিনেটসদস্য
Senior জ্যেষ্ঠ, প্রবীণ, ঊর্ধ্বতন, বরিষ্ঠ
Senior Government Pleader প্রবীণ সরকারি উকিল
Seniority জ্যেষ্ঠতা, প্রবীণতা
Seniority in service চাকরিতে জ্যেষ্ঠতা/প্রবীণতা
Senior teacher জ্যেষ্ঠ শিক্ষক, প্রবীণ শিক্ষক
Sentence দণ্ডাদেশ
Sentence, death মৃত্যুদণ্ড
Sentry সান্ত্রী, প্রহরী
Sentry-box প্রহরী-কক্ষ, সান্ত্রী-কক্ষ
Sent up প্রেরিত, চালান দেওয়া
Separately পৃথকভাবে
Separation allowance পৃথগ্‌বাস ভাতা
Separation, Judicial বিচারালয় নির্দেশিত পৃথগ্‌বাস; বিচারিক পৃথগ্‌করণ
Septic tank মলশোধনী
Sepoy সিপাই, সিপাহি
Serang সারেঙ
Sergeant (Calcutta Police) সার্জেন্ট (কলকাতা পুলিশ)
Serial ক্রমিক
Serially numbered ক্রমিক সংখ্যাযুক্ত
Seriatim অনুক্রমে, পরপর
Sericulture গুটিপোকার চাষ
Series মালা, শ্রেণি
Serious গুরু, গুরুতর, গুরুত্বপূর্ণ
Serve (a notice) (নোটিশ বা বিজ্ঞপ্তি) জারি করা
Service কৃত্যক, কর্ম, চাকরি, সেবা
Service (of a notice) (নোটিশ বা বিজ্ঞপ্তি) জারি
Service, Administrative প্রশাসনিক কৃত্যক
Service-book কৃত্যক-বই
Service of the crown রাজকার্য
Service-roll কৃত্যক-সূচি
Service rules কৃত্যক-বিধি
Service tenure কার্যকাল
Session অধিবেশন
Session, Academic পাঠবর্ষ, শিক্ষাবর্ষ
Sessions দায়রা
Sessions, Committed to দায়রায় সোপর্দ
Sessions Judge দায়রা বিচারক
Set aside, to বাতিল করা, খারিজ করা
Settled raiyat স্থিতিবান রায়ত
Settlement (e.g. adjusting differences) নিষ্পত্তি, বন্দোবস্ত, ফয়সালা
Settlement (e.g. settlement operation) পত্তন, প্রজাবিলি, ভূ-বাসন
Settlement map ভূ-বাসন মানচিত্র, জরিপ মানচিত্র

Settlement of account হিসাব-নিষ্পত্তি
Settlement Officer ভূ-বাসন আধিকারিক
Set-up কাঠামো
Sewerage পয়ঃপ্রণালি, নিকাশি ব্যবস্থা
Sex লিঙ্গ
Sex crime যৌন অপরাধ
Sexology যৌনবিদ্যা
Sexual intercourse যৌন-সংগম
Shadow cabinet ছায়া-মন্ত্রীসভা
Share অংশ, হিস্সা
Share, Bonus বোনাস-অংশ, বোনাস-শেয়ার
Share certificate অংশপত্র, শেয়ার সার্টিফিকেট
Share, cumulative preference উপচয়ী অগ্রগণ্য অংশ বা শেয়ার
Share, deferred উত্তরগণ্য অংশ বা শেয়ার
Share, equity সাধারণ অংশ বা শেয়ার
Share-holder অংশী, অংশীদার, শেয়ারহোল্ডার
Share, Founder's প্রতিষ্ঠাতার অংশ/শেয়ার
Share Market শেয়ার বাজার
Share, ordinary সাধারণ অংশ বা শেয়ার
Share, preference অগ্রগণ্য অংশ বা শেয়ার
Share, promoter's সংস্থাপকের অংশ বা শেয়ার
Shariat শরিয়ত
Sharing of loss ক্ষতিবণ্টন
Sharing of profit লাভ-বণ্টন
Sharp increase অতিদ্রুত বৃদ্ধি, অতিদ্রুত উন্নতি
Sheet (of metal) চাদর
Sheriff শেরিফ
Sheristadar সেরেস্তাদার
Shield ঢাল, শিল্ড
Shift-in-charge পালার ভারপ্রাপ্ত
Shift, working কাজের পালা
Shipping Agent পোত নিযুক্তক
Shipping Corporation পোতনিগম
Shipyard পোতাঙ্গন
Shop-keeper দোকানদার
Shopping কেনাকাটা, সওদা
Shopping Centre সওদাকেন্দ্র, বিকিকিনি কেন্দ্র
Shortage ঘাটতি, অল্পতা
Shortfall ঘাটতি
Shorthand সংকেত-লিপি, লঘু লিপি, সাঁট লিপি
Short payment ঊন প্রদান, কম দেওয়া
Short realisation ঊন আদায়, কম আদায়
Short sighted অদূরদর্শী
Short-term স্বল্প-মেয়াদি, স্বল্প-মেয়াদ
Short-term agreement স্বল্প-মেয়াদি চুক্তি
Short-term deposit স্বল্প-মেয়াদি আমানত
Short-term loan স্বল্প-মেয়াদি ঋণ
Short title(e.g. of an act) সংক্ষিপ্ত নাম
Show-case প্রদর্শাধার, শো-কেস
Show cause, to কারণ দর্শানো
Show cause notice কারণ দর্শানোর বিজ্ঞপ্তি
Sick-leave অসুস্থতাজনিত ছুটি বা অবকাশ
Sick-list রোগীর তালিকা, পীড়িতের তালিকা
Sickness benefit রোগকালীন সাহায্য, অসুস্থতাকালীন সুবিধা
Side-issue গৌণ বিষয়
Signatory স্বাক্ষরকারী, সইদাতা
Signature, specimen নমুনা স্বাক্ষর
Signature tune প্রতীক সংগীত/ সুর
Signboard বিজ্ঞাপনফলক, সাইনবোর্ড
Signed article স্বনামী নিবন্ধ
Significant তাৎপর্যপূর্ণ, সার্থক
Silence zone শব্দনিষেধ এলাকা
Silt clearence পরি/পাঁক পরিষ্কার
Silver coin রৌপ্য মুদ্রা
Silviculture বনপোষ

Similarly অনুরূপভাবে
Simple form of value মূল্যের প্রাথমিক রূপ
Simple imprisonment বিনাশ্রম কারাবাস
Simplification সরলীকরণ, লঘূকরণ
Sine die অনির্দিষ্টকাল
Sine qua non অপরিহার্য
Single column এক স্তম্ভ, এক কলম
Single entry একঘরা লিখন, একঘরা হিসাব
Single transferable vote একক হস্তান্তরযোগ্য ভোট
Sir মহাশয়, মহোদয়
Sirdar সর্দার
Siren সাইরেন
Sister পরিসেবিকা
Sister Tutor (Hospital) পরিসেবিকা-শিক্ষিকা
Sit down strike উপবেশন ধর্মঘট, অবস্থান ধর্মঘট
Sitting বৈঠক
Sitting member বর্তমান সদস্য
Sitting room বসার ঘর, বৈঠকখানা
Skeleton staff স্বল্প কর্মীবর্গ
Skilled labour দক্ষ শ্রমিক, পটু শ্রমিক
Skimmed milk ননিতোলা দুধ
Slaughter house কসাইখানা
Sleeping partner নিষ্ক্রিয় অংশীদার
Slip পত্রী, চিরকুট
Slip of pen লিপি প্রমাদ, লিখন প্রমাদ
Slogan শ্লোগান, ধ্বনি, নারা
Slow, dead অতি ধীর, শম্বুক গতি
Slow down ঢিলে দেওয়া, কমিয়ে আনা
Sluice gate জলকপাট
Slum বস্তি
Small Causes Court ছোটো আদালত
Small Industries Corporation ক্ষুদ্র শিল্প নিগম
Small Scale Industry ক্ষুদ্রায়তন শিল্প, ক্ষুদ্র শিল্প
Small scale production স্বল্পায়তন উৎপাদন
Smoking room ধূমপান কক্ষ
Smuggled goods চোরাই মাল
Smuggler চোরাচালানকারী
Snack-bar নাস্তা-ঘর, জলখাবারের দোকান
Snowfall তুষারপাত
So-called তথাকথিত
Social contract সামাজিক চুক্তি
Social function সামাজিক অনুষ্ঠান
Social gathering সামাজিক সমাবেশ
Socialism সমাজতন্ত্র
Social science সমাজবিজ্ঞান
Social service সমাজসেবা
Social studies সমাজবিদ্যা
Social welfare সমাজকল্যাণ
Society সমাজ
Society for the Prevention of Cruelty to Animals পশু নির্যাতন নিবারণ সমিতি
Society girl সমাজ-বালা
Socio-economic আর্থ-সামাজিক
Sociological jurisprudence সমাজতাত্ত্বিক ব্যবহারশাস্ত্র
Sociologist সমাজতাত্ত্বিক, সমাজবিজ্ঞানী
Socio-political সামাজিক-রাজনৈতিক
Soft currency সুলভ মুদ্রা
Soft drink হালকা পানীয়, শরবত
Soft loan সহজ ঋণ
Soft option সহজ বিকল্প
Soft water মৃদু জল
Soft work হালকা কাজ
Soil analysis মৃৎবিশ্লেষ
Soil conservation মৃৎ-সংরক্ষণ, ভূমি সংরক্ষণ
Soil erosion মৃৎক্ষয়, ভূমিক্ষয়
Soil erosion control ভূমিক্ষয়-নিয়ন্ত্রণ
Soil Survey Project মৃত্তিকা-জরিপ প্রকল্প
Soil-testing Laboratory মৃৎ পরীক্ষাগার

Solar eclipse সূর্যগ্রহণ
Solar System সৌরজগত, সৌরমণ্ডল
Solar year সৌরবৎসর
Soldering ঝালাই করা
Sole Agency একমাত্র প্রতিনিধি
Sole Distributor একমাত্র পরিবেশক
Solicit (to seek opinion) যাচ্ঞা করা
Solicitor ব্যবহারদেশক, সলিসিটর
Solicitor General মহাব্যবহারদেশক
Solid food শক্ত খাবার
Solitary নিঃসঙ্গ, নির্জন
Solo (performance) একক (অনুষ্ঠান)
Solution দ্রব, দ্রবণ; সমাধান
Solution, concentrated গাঢ় দ্রবণ
Solution, dilute লঘু দ্রবণ
Solvency শোধক্ষমতা, সচ্ছলতা
Sophisticated পরিশীলিত, সূক্ষ্ম
Sorter বাছাইকারী
Sound health সুস্বাস্থ্য
Sound proof শব্দরোধী
South-west দক্ষিণ-পশ্চিম, নৈর্ঋত
Souvenir স্মরণিকা, স্মারকগ্রন্থ, স্মারক
Sovereign সার্বভৌম
Sovereign Democratic Republic সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্র
Sovereign state সার্বভৌম রাষ্ট্র
Space craft মহাকাশযান
Spare copy অতিরিক্ত প্রতিলিপি, বাড়তি কপি
Spare parts যন্ত্রাংশ
Speaker (of the Assembly) অধ্যক্ষ
Special Branch বিশেষ শাখা, স্পেশাল ব্রাঞ্চ
Special certificate বিশেষ শংসাপত্র
Special correspondent বিশেষ সংবাদদাতা
Special law বিশেষ বিধি
Special messenger বিশেষ সংবাদ বাহক/বার্তাবহ/দূত
Special Officer বিশেষ আধিকারিক
Special pay বিশেষ বেতন
Special sanction বিশেষ মঞ্জুরি
Species প্রজাতি
Specification বিনির্দেশ, নির্দিষ্ট বিবরণ
Specified বিনির্দিষ্ট, বিশেষিত, উল্লিখিত
Specimen copy নমুনা সংখ্যা
Specimen signature নমুনা স্বাক্ষর
Speculation ফটকা, জল্পনা
Speed control বেগ নিয়ন্ত্রণ
Speed governor বেগ-নিয়ামক
Speed limit বেগ সীমা
Sphere of influence প্রভাব ক্ষেত্র
Spiral ঘোরানো
Spiritualism অধ্যাত্মবাদ
Spiritualist অধ্যাত্মবাদী
Spokesman মুখপাত্র
Sponsor পোষক, পোষণ করা
Sponsored পোষিত
Sports Editor ক্রীড়া সম্পাদক
Sportsman ক্রীড়াবিদ, খেলোয়াড়
Sportsmanlike ক্রীড়াবিদসুলভ, খেলোয়াড়ি
Spot interrogation সরেজমিন জিজ্ঞাসাবাদ
Spring, hot উষ্ণ প্রস্রবণ
Spring-tide ভরা কোটাল
Spurious ভেজাল, ঝুটা, অপ্রকৃত, মেকি
Spy চর, গুপ্তচর
Squatter জবরদখলকারী, অবস্থানবিক্ষোভকারী
Stability of post পদের স্থায়িত্ব
Stabilisation of prices দরের বা দামের স্থিরতা সাধন, মূল্যমানের স্থিরতা
Stable Government স্থিতিশীল সরকার
Stacked জড়ো করা, স্তূপীকৃত, সাজানো
Stadium স্টেডিয়াম
Staff কর্মীবর্গ
Staff canteen কর্মী-ক্যান্টিন, কর্মী-ভোজনশালা
Staff quarters কর্মী-আবাস
Stage-direction মঞ্চ নির্দেশনা
Stage Manager মঞ্চ ব্যবস্থাপক

Stagger কালপর্ব বিন্যাস করা
Staircase সিঁড়ি
Stamp ডাকটিকিট, স্ট্যাম্প, সিলমোহর, ছাপ
Stamp duty মুদ্রাঙ্ক-শুল্ক
Stamp paper মুদ্রাঙ্কিত কাগজ
Stamp Reporter স্ট্যাম্প পরিদর্শক
Stamp Vendor স্ট্যাম্প-বিক্রেতা
Standard আদর্শ, প্রমাণ, প্রমিত
Standard and specification মান ও বিনির্দেশ
Standardisation মান-সমীকরণ, প্রমিতকরণ
Standardised goods মান-নির্ধারিত পণ্য, প্রমিত পণ্য
Standard of living জীবন-যাপনের মান
Standard size প্রমাণ মাপ
Standing Committee স্থায়ী সমিতি/ কমিটি
Standing Council স্থায়ী পরিষদ
Standing Counsel স্থায়ী অধিবক্তা
Standing heading স্থায়ী শিরোনাম
Standing order স্থায়ী আদেশ
Standing ovation দাঁড়িয়ে অভিনন্দন জানানো
Stanza স্তবক
Starting point সূচনা বিন্দু
Starting stock প্রারম্ভিক সংভার, প্রারম্ভিক মজুত
State রাজ্য, অঙ্গরাজ্য, রাষ্ট্র
State affair রাষ্ট্রীয় কার্য
Starred question তারকাচিহ্নিত প্রশ্ন
State bus সরকারি বাস
State Finance Corporation রাষ্ট্রীয় অর্থ-সংস্থা/নিগম
State funds রাজ্য তহবিল, রাজ্যনিধি
State Transport রাষ্ট্রীয় পরিবহন
Statement বিবরণ, বিবৃতি, বর্ণনা, উক্তি, এজাহার
State of emergency জরুরি-অবস্থা
State prisoner রাজবন্দী
State scholarship সরকারি বৃত্তি
State Statistical Bureau রাজ্য পরিসংখ্যান সংস্থান/ব্যুরো
Stationery article লেখ-সামগ্রী
Stationery Assistant লেখ-সামগ্রী সহায়ক
Stationery Office লেখ-সামগ্রী কার্যালয়, স্টেশনারি অফিস
Station master স্টেশন মাস্টার
Statistical পরিসংখ্যান-সংক্রান্ত
Statistical Bureau পরিসংখ্যান-সংস্থা/ব্যুরো
Statistician পরিসংখ্যানবিদ
Statistics পরিসংখ্যান, রাশিবিজ্ঞান
Statue প্রতিমূর্তি, মূর্তি
Status প্রতিষ্ঠা, মর্যাদা
Status quo স্থিতাবস্থা
Status quo ante পূর্ব-স্থিতি
Statute সংবিধি
Statute Law (সং) বিধিবন্ধ আইন
Statutory বিধিবন্ধ
Stay order স্থগিতাদেশ
Steamer Station স্টিমার-ঘাট, জাহাজ-ঘাটা
Steel plate ইস্পাত ফলক
Steel rod ইস্পাতের রড / শিক
Steering Committee পরিচালন সমিতি
Stenographer লঘুলিপিকর
Stenography লঘুলিপি, সাঁটলিপি
Sterling balance স্টার্লিং মজুত
Stereotyped বাঁধাধরা, মামুলি, ছাঁচে ঢালা
Sterilization নির্বীজকরণ
Steward সেবক
Stiff cover শক্ত মলাট
Stipend বৃত্তি
Stipendary সবৃত্তিক, বৃত্তিভুক
Stipendary Magistrate বৃত্তিভুক শাসক
Stipendary student বৃত্তিভুক ছাত্র
Stipulation শর্ত
Stock account সংভার হিসাব, মজুত হিসাব
Stock-book মজুত বই, সংভার বই

Stock certificate মজুত-পত্র, সংভার পত্র
Stock Exchange সংভার বিনিময় কেন্দ্র, শেয়ার কেনাবেচার কেন্দ্র, স্টক এক্সচেঞ্জ
Stock-in-hand মজুত মাল, মজুত পণ্য
Stock-in-trade বাণিজ্যিক মজুত
Stockist মজুতকারী, সংভারী
Stock Register মজুত-খাতা, সংভার-নিবন্ধ
Stock taking সংভার গণন, মজুত গণন
Stock verification মজুত যাচাই, সংভার যাচাই
Stock and Shares সংভার ও অংশ
Stone chips পাথরকুঁচি
Stop-gap সাময়িকভাবে, অন্তর্বর্তীকালীন
Stop-over যাত্রাবিরতি
Storage গুদামজাতকরণ
Storge, Cold হিমঘর, হিমাগার
Store Clerk ভান্ডার করণিক
Store, Departmental বিভাগীয় ভান্ডার, বিভাগীয় বিপণি
Store, Government সরকারি ভান্ডার
Store house মজুত আগার
Store-keeper ভান্ডারি
Store-manager ভান্ডারচালক, ভান্ডার অধ্যক্ষ
Store-room ভান্ডারঘর, ভাঁড়ার ঘর
Strategy কৌশল, রণনীতি
Stream of consciousness চেতনাপ্রবাহ
Strength, numerical সংখ্যাবল
Strength of service কৃত্যকের লোকবল
Strike ধর্মঘট
Strike, general সাধারণ ধর্মঘট, হরতাল
Strike, hunger অনশন-ধর্মঘট
Strike, stay-in অবস্থান ধর্মঘট
Strongly recommended বিশেষ সুপারিশ করা
Strong-room সুরক্ষিত কক্ষ, স্ট্রং রুম
Struck off খারিজ, বাদ
Structure গঠন, কাঠামো, নির্মিতি
Structural গঠনগত, কাঠামোগত
Structural contractor ইমারতি ঠিকাদার
Struggle for existence জীবনসংগ্রাম
Study leave শিক্ষা-ছুটি
Style রীতি, শৈলী
Sub Assistant Engineer অবর সহ-প্রযুক্তিবিদ/ইঞ্জিনিয়ার
Sub-clause উপ-প্রকরণ
Sub-Committee উপ-সমিতি
Sub-deputy Magistrate and Sub-deputy Collector অবর শাসক ও অবর সমাহর্তা
Subdivision মহকুমা; উপবিষয়
Sub-divisional Agricultural Officer মহকুমা কৃষি আধিকারিক
Sub-divisional Compensation Officer মহকুমা ক্ষতিপূরণ আধিকারিক
Sub-divisional Information Officer মহকুমা তথ্য আধিকারিক
Subdivisional Controller মহকুমা নিয়ামক
Sub-divisional Magistrate মহকুমা শাসক
Sub-divisional Judicial Magistrate মহকুমা বিচারিক ম্যাজিস্ট্রেট
Sub-divisional Officer মহকুমা আধিকারিক/শাসক
Sub-divisional Police Officer মহকুমা আরক্ষা আধিকারিক
Sub-editing অবর সম্পাদনা
Sub-editor অবর সম্পাদক
Sub-Inspector of Schools অবর বিদ্যালয়-পরিদর্শক
Subject to approval অনুমোদনসাপেক্ষ
Subject to the provision of বিবেচনাধীনে, শর্ত-সাপেক্ষ
Subjective আত্মনিষ্ঠ, বিষয়নিষ্ঠ, ব্যক্তিক
Sub-head অনুশীর্ষ, অনুখাত
Sub Jail উপ-কারা, সাব জেল
Sub Jailor অবর কারাপাল

Sub judice বিচারাধীন, বিচারাপেক্ষ
Sub-lease দর-ইজারা, দরপাট্টা, বর্গা, দর-ইজারা দেওয়া, বর্গা দেওয়া, দরপাট্টা দেওয়া
Sub-lessee দর ইজারাদার, বর্গাদারি
Submarine ডুবোজাহাজ
Submit পেশ করা, দাখিল করা
Submitted পেশ/দাখিল করা হল
Subordinate অধীন, অধস্তন
Subordinate Court অধস্তন আদালত, নিম্ন আদালত
Subordinate Officer অধস্তন আধিকারিক
Subordinate Police Ranks নিম্ন আরক্ষাবর্গ
Sub Registrar অবর নিবন্ধক, সাব রেজিস্ট্রার
Subscriber গ্রাহক
Subscription, monthly মাসিক চাঁদা
Subscription, yearly বার্ষিক চাঁদা
Sub section উপ-ধারা
Subsidiary Jail উপ-কারা, সাব-জেল
Subsidiary rule উপ-নিয়ম
